বিশেষ কৃষি পরামর্শ

আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুসারে আগামী ১৭ থেকে ২২ মার্চ বাংলাদেশের সকল জেলায় হালকা থেকে ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ সময় কোথাও কোথাও কালবৈশাখী ঝড় হতে পারে।

এ অবস্থায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিচের বিশেষ কৃষি পরামর্শ প্রদান করেছে:-

- সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।

-পরিপক্ক ফসল দ্রুত সংগ্রহ করে শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।

- বোরো ধানে ব্যাকটেরিয়াল লীফ ব্লাইট রোগ দেখা দিতে পারে। এ রোগ থেকে ফসলকে রক্ষা করার জন্য ঝড় বৃষ্টি থেমে যাওয়ার পর বিঘা প্রতি ৫ কেজি পটাশ সার এবং ৩.৫ কেজি জিপসাম প্রয়োগ করতে হবে। তবে ধান গাছ যদি থোড় অবস্থা পার হয়ে থাকে তাহলে ১০ লিটার পানিতে ৬০ গ্রাম পটাশ সার, ৬০ গ্রাম থিওভিট এবং ২০ গ্রাম জিংক ভালোভাবে মিশ্রিত করে ৫ শতাংশ জমিতে স্প্রে করতে হবে। ঝড় বৃষ্টির পর পর ইউরিয়া সার প্রয়োগ বন্ধ রাখুন।

- জমিতে যেন পানি জমে থাকতে না পারে সেজন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।

-দন্ডায়মান কলাগাছ, আখ ও উদ্যানতাত্বিক ফসলের জন্য খুঁটির ব্যবস্থা করুন।

-বৃষ্টিপাতের পর জো অবস্থা আসলে পাট ও সব্জি বীজ বপন করুন।

তথ্যসূত্র; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

বিস্তারিত তথ্যের জন্য উপজেলা কৃষি অফিসার বা নিকটস্থ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন

প্রচারে : কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, সিলেট
www.ais.sylhet.gov.bd